125

আজকের কাগজ

তারিখ 12 OCT 1993
পৃষ্ঠা ৬ কলাম ৩

### পররাষ্ট্রমন্ত্রী ফিরেছেন

## ইসি সার্ককে সম্ভাব্য সবরকম সহযোগিতা দেবে

সার্কভুক্ত দেশগুলোর ১শ' কোটিরও বেশি লোকের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির লক্ষ্যে প্রণীত সার্কের কর্মসূচিগুলোর বাস্তবায়নে ইউরোপীয় সম্প্রদায় (ইসি) সম্ভাব্য সব রকম সহযোগিতা করবে।

গত রোববার ইউরোপীয় কমিশনের সদর দফতর ব্রাসেলসে পররাষ্ট্রমন্ত্রী এএসএম মুস্তাফিজুর রহমান ও কমিশনের ভাইস-প্রেসিডেন্ট ম্যানুয়েল ম্যারিনের মধ্যকার এক বৈঠককালে এ আশ্বাস প্রদান করা হয়েছে।

সার্ক মন্ত্রিপরিষদের বর্তমান চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান জাতিসংঘ সাধারণ পরিষদের ৪৮তম অধিবেশনে যোগদান শেষে স্বদেশে ফেরার পথে ব্রাসেলসে ইউরোপীয় সম্প্রদায়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে মিলিত হন। পররাষ্ট্রমন্ত্রী গতকাল ভোর রাতে ঢাকায় ফিরে এসেছেন।

গতকাল সকালে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি আরো বলেন, ইসি'র কর্মকর্তারা সার্কের গৃহীত কর্মসূচিতে সন্তোষ প্রকাশ করেছেন। খবর ইউএনবি।